# পিলখানা ট্র্যাজেডি: শহিদ সেনাদের স্মরণে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা



সংগৃহীত ছবি

পিলখানা হত্যাকাণ্ডে নিহত সেনা কর্মকর্তাদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (২৫ ফেব্রুয়ারি) 'শহিদ সেনা দিবস' উপলক্ষে তারা বনানী সামরিক কবরস্থানে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, সেনা, নৌ ও বিমান বাহিনীর প্রধানরা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব, বর্ডার গার্ড বাংলাদেশ–এর মহাপরিচালক এবং শহিদ পরিবারের সদস্যরা।

LENS ASIA

শ্রদ্ধা নিবেদনের পর শহিদদের সম্মানে এক মিনিট নীরবতা পালন করা হয়। এ সময় কর্মরত সশস্ত্র বাহিনীর সদস্যরা আনুষ্ঠানিক সালাম প্রদান করেন। পরে শহিদদের রুহের মাগফিরাত কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

দিবসটি উপলক্ষে দেশের বিভিন্ন সেনানিবাসের কেন্দ্রীয় মসজিদে কুরআন খতম, মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়, যেখানে শহিদদের আত্মার শান্তি কামনা করা হয়।